

জাখারিয়ার গীতিকা

লুক ১:৬৮-৭৯

ধন্য প্রভু, ইস্রায়েলের পরমেশ্বর,
কারণ আপন জনগণকে দেখতে এসেছেন, সাধন করেছেন তাদের মুক্তিকর্ম,
এবং তাঁর দাস দাউদের কুলে
আমাদের জন্য ঘটিয়েছেন এক ত্রাণশক্তির জাগরণ,

যেমনটি তাঁর প্রাচীনকালের পবিত্র নবীদের মুখ দিয়ে বলেছিলেন,
আমাদের শত্রুদের ও সকল বিদ্রোহীদের হাত থেকে পরিত্রাণের কথা :
আমাদের পিতৃপুরুষদের প্রতি দয়া করবেন
আর তাঁর পবিত্র সন্ধির কথা স্মরণে রাখবেন,

সেই যে শপথ তিনি উচ্চারণ করেছিলেন আমাদের পিতা আব্রাহামের প্রতি :
আমাদের শত্রুদের হাত থেকে নিস্তার পেয়ে
আমরা যেন নির্ভয়ে পবিত্রতা ও ধর্মময়তার সঙ্গে
তাঁর সাক্ষাতে তাঁর সেবা করতে পারি আমাদের সমস্ত দিন।

আর তুমি, শিশু, পরাৎপরের নবী বলে অভিহিত হবে,
কারণ প্রভুর আগে আগে চলবে তাঁর পথ প্রস্তুত করতে,
তাঁর জনগণকে জানিয়ে দিতে
তাদের পাপমোচনে সাধিত পরিত্রাণের কথা,

আমাদের পরমেশ্বরের স্নেহময় দয়ায়,
যে দয়ায় উদীয়মান জ্যোতি উর্ধ্ব থেকে আমাদের দেখতে আসবেন
তাদেরই আলো দিতে, যারা বসে আছে অন্ধকারে ও মৃত্যু-ছায়ায়,
আমাদের চরণ চালিত করতে শান্তির পথে।

কুমারী মারীয়ার গীতিকা

লুক ১:৪৬-৫৫

প্রভুর মহিমাকীর্তন করে আমার প্রাণ,
আমার ত্রাতা পরমেশ্বরে আমার আত্মা করে উল্লাস,
কারণ তাঁর দাসীর নিম্নাবস্থার দিকে মুখ তুলে চেয়েছেন তিনি,
কেননা দেখ, এখন থেকে যুগে যুগে সকলে আমাকে সুখী বলবে ;

কারণ আমার জন্য মহা মহা কাজ করেছেন সেই শক্তিমান, †
পবিত্রই তাঁর নাম ;
আর যারা তাঁকে ভয় করে, তাদের প্রতি তাঁর দয়া যুগযুগস্থায়ী।
তিনি পরাক্রম সাধন করেছেন আপন বাহুবলে,
গর্বিতদের বিক্ষিপ্ত করেছেন তাদের হৃদয়ের মতলবে ;

ক্ষমতাপ্রাপ্তদের নামিয়ে দিয়েছেন সিংহাসন থেকে,
নিম্নাবস্থার মানুষকে করেছেন উন্নীত ;
ক্ষুধার্তদের পরিতৃপ্ত করেছেন মঙ্গলদানে,
ধনীদেব ফিরিয়ে দিয়েছেন শূন্য হাতে।

আপন দয়া স্মরণ ক'রে
তাঁর দাস ইস্রায়েলের সহায়তা করেছেন তিনি,
যেমনটি বলেছিলেন আমাদের পিতৃপুরুষদের কাছে,
আব্রাহাম ও তাঁর বংশের কাছে, চিরকাল।